


উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী:-

সভাপতি	ঃ শাকিলা বিনতে মতিন উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
সভার স্থান	ঃ উপজেলা পরিষদ মিলনায়তন, মির্জাপুর, টাঙ্গাইল।
সভার তারিখ ও সময়	ঃ ২৯ জানুয়ারি, ২০২৪ খ্রি: ও সকাল ১০.৩০ ঘটিকা।
সভায় উপস্থিতি	ঃ হাজিরা মোতাবেক সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত।

সভাপতি সভার প্রারম্ভে উপস্থিত মির্জাপুর উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটির উপদেষ্টা ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুরসহ কমিটির সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃষ্টিকরণ করা হয়।

ক্র: নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২০২৪ মাসে বাল্যবিবাহ, নারী নির্যাতন, যৌন হয়রানী প্রতিরোধ, যৌতুক, নারী শিক্ষা, পরিবার পরিকল্পনা ইত্যাদি বিষয়ে জামুর্কী, ভাতগ্রাম ইউনিয়নে উপস্থিত সকল নারী-পুরুষকে সচেতন করার লক্ষ্যে উঠান বৈঠক করা হয়েছে। তিনি সভায় আরও জানান যে, বাল্যবিবাহ প্রতিরোধে ইউনিয়ন পরিষদ হতে সভার কোন কার্যবিবরণী পাওয়া যায়নি। তিনি ফরমেট অনুযায়ী সকল সদস্যদের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করেন।	১। ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২। ফরমেট অনুযায়ী সকল সদস্যগণকে প্রতি মাসের ০২ তারিখের মধ্যে প্রতিবেদন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে দাখিলের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	১। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), মির্জাপুর, টাঙ্গাইল। ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল। ৩। কমিটির সকল সদস্য, মির্জাপুর, টাঙ্গাইল।
২	<u>বাল্যবিবাহ প্রতিরোধ:</u> বাল্যবিবাহ প্রতিরোধে উপজেলা প্রশাসনের নির্দেশনায় এবং স্থানীয় জনপ্রতিনিধিগণ সার্বিক সহযোগিতায় ০১ টি বাল্যবিবাহ বন্ধ করা হয়েছে। বাল্যবিবাহ সংক্রান্ত তথ্য নিম্ন বৃপ:- সোহানা আক্তার (১৬), পিতা: শেখ সুয়ায়েফ, গ্রাম: স্বল্প মহেড়া, ইউপি: মহেড়া, উপজেলা: মির্জাপুর, জেলা: টাঙ্গাইল।	১। মির্জাপুর উপজেলার কোথাও বাল্যবিবাহ সংঘটিত হলে তা সর্বাগ্রে বন্ধ করার জন্য সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	০১. কমিটির সকল সদস্য, মির্জাপুর, টাঙ্গাইল।

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথ ভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করেন এবং আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 শাকিলা বিনতে মতিন  
 উপজেলা নির্বাহী অফিসার  
 ও  
 সভাপতি  
 উপজেলা বাল্যবিবাহ প্রতিরোধ কমিটি  
 মির্জাপুর, টাঙ্গাইল।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মির্জাপুর, টাঙ্গাইল।
৪. মেয়র, মির্জাপুর পৌরসভা, মির্জাপুর, টাঙ্গাইল।
৫. উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, টাঙ্গাইল।
৬. ভাইস চেয়ারম্যান (মহিলা)/ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাপুর, টাঙ্গাইল।
৭. উপজেলা ..... কর্মকর্তা, মির্জাপুর, টাঙ্গাইল।
৮. চেয়ারম্যান, ..... ইউনিয়ন পরিষদ (সকাল), মির্জাপুর, টাঙ্গাইল।
৯. সভাপতি, প্রেসক্লাব/রিপোর্টস ইউনিটি/কাজী সমিতি/ইমাম সমিতি/এনজিও ফোরাম, মির্জাপুর, টাঙ্গাইল।
১০. সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মির্জাপুর, টাঙ্গাইল।
১১. জনাব, ....., মির্জাপুর, টাঙ্গাইল।
১২. অফিস নথি।

Sharmin  
29-01-2024

(শারমিন সিদ্দিকা)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
মির্জাপুর, টাঙ্গাইল।